৭১

তারিখ 21 APR 1996
পৃষ্ঠা ১২ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# এসএসসি ॥ অংক পরীক্ষায় ৭ শতাধিক বহিষ্কৃত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (শনিবার) ১৯৯৬ সালের এস এসসি অংক পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে ৭ শতাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। রাজশাহী শিক্ষা বোর্ডে বহিষ্কারের সংখ্যা বেশী। এই বোর্ডের আওতাধীন রাণীনগর ও নওগাঁর দুইটি কেন্দ্রে পরীক্ষায় নকল করার সময় সহায়তা করার দায়ে ২ জন শিক্ষক বহিষ্কৃত হন।

রাজশাহী বোর্ডে মোট বহিষ্কারের সংখ্যা ৪৪৩। রাজশাহী জেলায় ৯১ জন, নওগাঁ জেলায় ৩৭ জন, পাবনা জেলায় ৩৯ জন, বগুড়া জেলায় ১৪৪ জন, গাইবান্ধা জেলায় ২৮ জন, নীলফামারী জেলায় ১২ জন, রংপুর জেলায় ৬৫ জন এবং পঞ্চগড় জেলায় ২৭ জন বহিষ্কৃত হইয়াছে।

ঢাকা বোর্ডে মোট বহিষ্কারের সংখ্যা ১৩৮। বোর্ড সূত্রে জানা যায়, গতকাল নরসিংদী জেলায় ১৩ জন, মুন্সিগঞ্জ জেলায় ৩ জন, জামালপুর জেলায় ৩৮ জন, নেত্রকোনা জেলায় ৪৪ জন, ফরিদপুর জেলায় ৪ জন, রাজবাড়ী জেলায় ৩ জন, শরিয়তপুর জেলায় ১১ জন, কিশোরগঞ্জ জেলায় ৭ জন, টাঙ্গাইল জেলায় ১০ জন, মানিকগঞ্জ জেলায় ৩৫ জন বহিষ্কৃত হইয়াছে।

যশোর বোর্ডের সঠিক তথ্য পাওয়া যায় নাই। রাতে বোর্ডের সহিত যোগাযোগ করা হইলে বলা হয়, ৮টি জেলায় ২০ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

কুমিল্লা বোর্ডে বহিষ্কারের সংখ্যা ৮৮। কুমিল্লা জেলায় ৩৪ জন, সুনামগঞ্জ জেলায় ৩ জন, সিলেট জেলায় ৫ জন, নোয়াখালী জেলায় ৪৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।